# বিচারকর্তৃগণ -১



© 2021 Comic Bible Society, LLC


যিহোশূয়ের সমস্ত জীবনকালে ইস্রায়েলীয়রা সদাপ্রভুর সেবা করেছিল।
যিহোশূয়ের মৃত্যুর পর লোকেরা সেই বয়স্ক নেতাদের কথা অনুসরণ করতে লাগলো যারা ইস্রায়েলীয়দের প্রতি সদাপ্রভু যে সমস্ত মহৎ কাজ করেছেন তা দেখেছিলেন।
এরপর আরেকটি প্রজন্ম বেড়ে উঠল যারা সদাপ্রভুকে জানত না এমনকি তিনি ইস্রায়েলীয়দের জন্য যা করেছিলেন তা-ও জানত না।
বিচারকর্তৃগণ ২:৭-১০


ইস্রায়েলীয়রা তাদের পুরানো পথে ফিরে যাওয়ার কারণে সদাপ্রভু তাদের সামনে থেকে অন্য জাতিদেরকে সরিয়ে ফেলা বন্ধ করে দিলেন।
সদাপ্রভু অন্য জাতির লোকদের কাছে ইস্রায়েলীয়দের তুলে দিতেন এটি পরীক্ষা করার জন্য যে তারা যেন সমস্ত হৃদয়ে তাঁর দিকে ফিরে আসে।
প্রতিজ্ঞাত দেশে আসার সময় তাদের পূর্বপুরুষরা যে সমস্ত বিশ্বাসের পরীক্ষা বা যুদ্ধের মধ্যে দিয়ে গিয়েছে এই নতুন প্রজন্ম তেমন কোন পরীক্ষার মধ্য দিয়ে যায়নি।
যিহোশূয়ের পুস্তকে লোকেরা সদাপ্রভুকে তাদের সমস্ত হৃদয়ে অনুসরণ করতো...আর তাদের জীবনে মহৎ মহৎ বিষয়গুলো উপভোগ করত।
কিন্তু বিচারকর্তৃগণ পুস্তকে ইস্রায়েলীয় বংশধরদের জীবনে একটি খারাপ অধ্যায় আর পরাজয় দিয়ে শুরু হয়েছে।
সরাসরি সদাপ্রভুর আদেশের অবাধ্য হয়ে ইস্রায়েলীয়রা কনানীয় লোকদের বিয়ে করতে ও তাদের দেব-দেবতাদের পূজা করতে লাগল।
আর তাদের অনেক দেব-দেবতা ছিল যাদের তারা অনুসরণ করতো ...
বিচারকর্তৃগণ ৩:১-৬


আর তারা ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুকে ত্যাগ করে সবচেয়ে বড় ভুল কাজ করল।
বাল দেবতা, সিদোনীয়দের দেবতা, আমাদেরকে শক্তিশালী কর এবং যেভাবে তুমি কনান লোকদের প্রতি করছ তেমনি আমাদেরকে উর্বর কর।
আশেরা দেবতা - আমাকে একটি পুত্র সন্তান দাও আর আমার গর্ভের ফলকে আশির্বাদ কর।
বাল শেল দেবতা আমার ঘরের ঈশ্বর হও। তিনি আবহাওয়া নিয়ন্ত্রন করতে পারেন এবং আমার জমির শস্য বহুগুনে বৃদ্ধি করতে পারেন।
হ্যাঁ, যে ঈশ্বরকে দেখা যায় না সেই ঈশ্বরের আরাধনা কে করতে পারে?
অষ্টারোৎ দেবতার প্রতি আমাদের যে দায়িত্ব আছে তা আমাদের পূরণ করা উচিত।
এই লোকদের সন্তানেরা শক্তিশালী ও ক্ষমতাবান হয়ে উঠবে।
আমি কি তোমাকে বলি নি যে কনানীয়রা জানতো যে তারা কি করছে?
তুমি ঠিক বলেছ! আমাদের ঠাকুরদাদার যিহোবা সদাপ্রভুকে সেবা করা এখন পুরানো হয়ে গেছে।
এই ধরনের আরাধনা আমার সত্যিই ভাল লাগছে।
বিচারকর্তৃগণ ২:১০-১২


এল ছিল কনানীয়দের সবচেয়ে প্রধান দেবতা। তিনি ছিলেন অনিয়ন্ত্রিত কামনা-লালসার দেবতা ও সেইসঙ্গে একজন রক্তপিপাসু অত্যাচারী দেবতা।
তার ছেলে বাল হচ্ছে স্বর্গের দেবতা যিনি আবহাওয়ার ও ঝড়কে নিয়ন্ত্রন করেন।
লোকেরা তার কাছে প্রার্থনা করত যেন তিনি তাদের জমির উর্বরতা বৃদ্ধি করেন এবং তাদের শস্যকে রক্ষা করেন।
লোকেরা তার কাছে উৎসর্গ করত এবং তাকে সম্মান করার জন্য অনৈতিক কার্যকলাপের আয়োজন করত।
তার মন্দিরে পুরুষ ও মহিলারা অশ্লীল কাজে নিজেদেরকে জড়িত করত।
তার ভাই-স্ত্রী ছিলেন অষ্টারোৎ এবং তিনি ছিলেন উর্বরতা ও যুদ্ধের পৃষ্ঠপোষিকা।
সেইসাথে বিভিন্ন জাতির মধ্যে আরো অনেক দেব-দেবী ছিল।
বিচারকর্তৃগণ ৩:১-৬



যেহেতু ইস্রায়েলের লোকেরা সদাপ্রভুর কাছ থেকে সরে গিয়েছিল তাই তিনি সাতবার তাদেরকে বর্বর নির্যাতনের মধ্যে ছেড়ে দিয়েছেন...
কিন্তু প্রত্যেকবার যখন লোকেরা সদাপ্রভুর কাছে কান্নাকাটি করতো তখন তিনি একজন উদ্ধারকর্তা পাঠাতেন।
কূশন-রিশিয়াথিম, মিসপোতামিয়ার রাজা যিনি ইস্রায়েলীয়দের আট বছর ধরে নির্যাতন করেছিলেন।
এই লোভী রাজার কাছ থেকে আমাদের খাবারের সরবরাহ লুকিয়ে রাখতে রাখতে আমি ক্লান্ত হয়ে পড়েছি।
সে আমাদের খাবার ও স্ত্রীলোক উভয়ই নিয়ে যাচ্ছে।
সদাপ্রভুর ক্রোধ আমাদের উপর জ্বলে উঠেছে কারণ আমরা তাঁকে ত্যাগ করেছি।
মোশি বলেছিল যে যদি আমরা অন্য দেব-দেবতাদের অনুসরণ করি তাহলে এগুলো আমাদের উপর ঘটবে।
আমি অনেক সহ্য করেছি..
লোকেরা সদাপ্রভুর কাছে কান্নাকাটি করলে তিনি অৎনীয়েলকে পছন্দ করলেন-তিনি কালেবের ভাইপো, যিনি যিহোশূয়ের সঙ্গে প্রতিজ্ঞাত দেশ জয় করেছিলেন।
আস আমরা অৎনীয়েলকে অনুসরণ করি-সদাপ্রভু আমাদের সঙ্গে আছেন।
সদাপ্রভু অরামের রাজা কূশন-রিশিয়াথমিয়কে অৎনীয়েলের হাতে তুলে দিলেন, আর তিনি তাকে হারিয়ে দিলেন। আর চল্লিশ বছর ধরে ১২ বংশীয় ইস্রায়েলীয়দের মধ্যে শান্তি ছিল।




বিচারকর্তৃগণ ৩:১২-১৫


ইব্রীয় ইহূদ ইব্রীয়দের পক্ষে কর নিয়ে এসেছেন।
রাজাকে বলুন... তার জন্য আমার কাছে একটি গোপন খবর আছে।
মহারাজ, আপনাকে আমার একটি গোপন খবর দেবার আছে।
চুপ কর! সবাই এখান থেকে চলে যাও।
আমার একটি খবর দেয়ার আছে ...
সম্ভবত সে একটি গোপন সোনার খনি পেয়েছে যা অন্য ইব্রীয়রা লুকিয়ে রাখছে...
...ঈশ্বর সদাপ্রভুর কাছ থেকে।
...আপনার জন্য।





বিচারকর্তৃগণ ৩:২০-২৬




বিচারকর্তৃগণ ৩:২৭-৩১


আশি বছর পর লোকেরা আবারও সত্যিকারের যিহোবা ঈশ্বর সদাপ্রভুকে ছেড়ে সেই দেশের অন্য দেবতাদের আরাধনা করতে লাগল।


এইবার ইস্রায়েলীয়রা তৃতীয় বারের মত একজন কনানীয় রাজা যাবীনের রাজত্বের সম্মুখীন হল।


রাজা যাবীন ভীষণ অত্যাচারী ছিলেন।
যাবীন তার রাজত্ব স্থাপনের জন্য সেনাপতী সীষরার সঙ্গে ৯০০ লোহার রথ ব্যবহার করেছিলেন।
রাজার সৈন্যরা ছিল অপরাজেয় আর ২০ বছর ইস্রায়েলের লোকেরা সেই রাজার শক্তিশালী হাতের নিয়ন্ত্রনে দুঃখভোগ করেছিলেন।


নবী দবোরা-১২৬০ খ্রীষ্টপূর্ব। দবোরো একজন মহিলা নবী
এবং ইস্রায়েলীয়দের শাসনকর্তা ছিলেন যিনি সদাপ্রভুর ইচ্ছানুসারে চলতেন।
তারা আমার জমির সমস্ত শস্য আগুনে পুড়িয়ে দিয়েছে।
সৈন্যরা আমার একমাত্র মেয়েকে চুরি করে নিয়ে গেছে!
আমরা সদাপ্রভুর কাছে কান্নাকাটি করছি-কিন্তু তিনি আমাদের কান্না শুনছেন না।
আমাদের পাপ আমাদেরকে সদাপ্রভুর আশির্বাদ ও সুরক্ষা থেকে আলাদা করে দিয়েছে।
সদাপ্রভু বলেছেন যে যদি আমরা এই দেশের দেবতাদের অনুসরণ করি তাহলে আমরা দুঃখভোগ করব।
আমরা ভীষণভাবে পাপ করেছি।
আমার স্বামী আমাদের গ্রামের বাল-দেবতার মূর্তি ভেঙ্গে দিয়েছে! আমরা শুধুমাত্র ঈশ্বর সদাপ্রভুর আরাধনা করব-আর তাঁর আদেশ পালন করব।
আবারও, তারা সাহায্যের জন্য কান্নাকাটি করতে লাগলো।
বারককে খবর পাঠাও। তাকে আমার কাছে নিয়ে আস।




বিচারকর্তৃগন ৪:৬-৯




বিচারকর্তৃগণ ৪:১০




বিচারকর্তৃগণ ৪:১১




বিচারকর্তৃগণ ৪:১৪








বিচারকর্তৃগণ ৪:১৫-১৬




বিচারকর্তৃগণ ৪:১৬




বিচারকর্তৃগণ ৪:১৬-১৭




বিচারকর্তৃগণ ৪:১৭-২০




বিচারকর্তৃগণ ৪:২১




বিচারকর্তৃগণ ৪:২২-২৪


আর সেই দিন তারা দেবরার সাথে এই গান করল।
ইস্রায়েলের নেতারা যুদ্ধে লোকদের পরিচালনা করলেন, আর লোকেরাও নিজের ইচ্ছায় এগিয়ে গেল-সদাপ্রভুর গৌরব হোক!
ওহে রাজারা, আপনারা শুনুন! আমি সদাপ্রভুর উদ্দেশে গান গাইব, ইস্রায়েলের সদাপ্রভুর উদ্দেশে প্রশংসা গান গাইব।
পৃথিবী কেঁপে উঠল...ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভুর সামনে পাহাড়-পর্বত কেঁপে উঠল।
ইস্রায়েলীয়দের গ্রামে কেউ বাস করত না; যতদিন না আমি দবোরা ইস্রায়েলীয়দের মায়ের মত হলাম।
তারা যখন নতুন দেব-দেবতার দিকে মন দিল তখন তাদের শহরের ফটকের কাছে যুদ্ধ হল।
কনানের রাজারা মগিদ্দোর জলের কাছে যুদ্ধ করল কিন্তু তারা কোন রূপা লুটে নিতে পারল না।
আকাশ থেকে তারাগুলোই যুদ্ধ করল। কিশোন নদীর জল শত্রুদের ভাসিয়ে নিয়ে গেল।
হে সদাপ্রভু, তোমার শত্রুরা সকলেই এভাবে ধ্বংস হয়ে যাক!
কিন্তু যারা তোমাকে ভালবাসে তারা যেন সূর্যের মত শক্তিমান হয়ে ওঠে।
এরপর দেশে চল্লিশ বছর শান্তি ছিল।

"THE BIBLE EXPLAINED
IN EVERY LANGUAGE."













**SUPERBIBLE.TV**